ভোরের কাগজ

FEB. 09 2002

তারিখ ……

পৃষ্ঠা ৬ কলাম ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্রড ব্যান্ড উদ্বোধন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার এসোসিয়েশনের (ডিইউসিএ) অন লাইন (ব্রড ব্রান্ড) এর উদ্বোধন এবং সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য জেড এন তাহমিদা বেগম বলেন, তথ্যপ্রযুক্তি ছাড়া বর্তমান বিশ্ব অচল। দেশের বেকার সমস্যা মোকাবিলা করতে হলে তথ্যপ্রযুক্তির বিকাশ অপরিহার্য।

উপ-উপাচার্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আরো বেশি করে তথ্যপ্রযুক্তির সঙ্গে সংশ্লিষ্ট হওয়ার আহ্বান জানান।

ডিইউসিএ'র চেয়ারম্যান অধ্যাপক মেসবাহউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ফারুক আহমেদ, অধ্যাপক আহমেদ শফি, অধ্যাপক মোঃ সেলিম ভুঁইয়া, আবছার কামাল, এ টি এম আব্দুল বারী, রফিকুল ইসলাম মিনি প্রমুখ।